# হামদান মিশন

শিক্ষাবর্ষ ২০২৬

দ্বীন ও দুনিয়া শিক্ষার আদর্শ মিশন




## প্রবেশিকা তথ্য
## ও ভর্তির আবেদনপত্র

বাগাণ্ডা (মনসাতলা), উলুবেড়িয়া, হাওড়া

www.hamdanmission.org

যোগাযোগ : 8777373539 / 9038257355 / 9836702479

# সম্পাদকের বার্তা

আমাদের সকলেরই আমাদের প্রিয় নবী সাল্লাল্লাহ আলাইহি ওয়া সাল্লামের সুপরিচিত হাদিস জানা আছে যে জ্ঞান অন্বেষণ করা প্রত্যেক মুসলমানের (নারী ও পুরুষ) ওপর ফরজ। তাই আমাদের সন্তানদেরকে ইসলামী শিক্ষা দেওয়া আবশ্যক যাতে তারা ইসলামী মূল্যবোধে বড় হয় এবং দ্বীনের প্রতি কি কর্তব্য তা বুঝতে পারে। কিন্তু আমাদের সমাজে বেশিরভাগ মুসলিম ছাত্রছাত্রীরা সাধারণ স্কুলে যায়, যেখানে তাদের একেবারেই ইসলামের শিক্ষা দেওয়া হয় না, বরং তারা শীর্ক পূর্ণ প্রার্থনা দিয়ে তাদের দিন শুরু করে। মুসলিম পরিচালিত মিশন গুলোতেও ইসলামের শিক্ষার উপর জোর দেওয়া হয় না, যার ফলে আমরা দেখতে পাই অনেক প্রতিষ্ঠিত মুসলিম দ্বীন ইসলামের থেকে অনেক দূরে। তারা দুনিয়াতে সফল কিন্তু আখেরাতে ক্ষতিগ্রস্ত। একথা অনস্বীকার্য যে আমাদের সমাজে উপযুক্ত শিক্ষা প্রতিষ্ঠানের অভাব রয়েছে যেখানে মুসলিম শিক্ষার্থীরা উপযুক্ত সাধারণ শিক্ষার পাশাপাশি সঠিক ইসলামী শিক্ষা পাবে। **হামদান মিশন** ইসলাম শিক্ষার সাথে সাথে সাধারণ শিক্ষা প্রদান করবে যার ফলে তারা দ্বীন ও দুনিয়া উভয় স্থানে সফলতা লাভ করবে ইন শা আল্লাহ।

**ইঞ্জিঃ সৈয়দ আক্তার আলি**
(প্রতিষ্ঠাতা ও সম্পাদক)

- ইঞ্জিনিয়ারিং স্নাতক (BE) - কলকাতা যাদবপুর বিশ্ববিদ্যালয়
- ইসলামি কোর্সে স্নাতক (BA in Islamic Studies) - ইসলামি মুক্ত বিশ্ববিদ্যালয়, কাতার
- ইসলামি কোর্সে (MA in Islamic Studies) স্নাতকোত্তর ইসলামি মুক্ত বিদ্যালয়, কাতার, পাঠরত।
- ২০১৩ সালে হজ সম্পন্ন করেছেন আলহামদুলিল্লাহ
- প্রতিষ্ঠাতা ও সম্পাদক ন্যাশনাল ইসলামিক স্কুল (শিশু শ্রেণী থেকে চতুর্থ শ্রেণী পর্যন্ত), স্থাপিত ২০১০
- আল-আমিন মিশন প্রাক্তনী



# হামদান মিশন

**দ্বীন ও দুনিয়া শিক্ষার আদর্শ মিশন**


ঃ প্রতিষ্ঠাতা ও সম্পাদক ঃ

## ইঞ্জিঃ সৈয়দ আকতার আলি

বি.ই.- যাদবপুর বিশ্ববিদ্যালয়, কলকাতা
বি.এ. (ইসলাম) - আই.ও.ইউ, কাতার

# ঃঃ সূচিপত্র ঃঃ


| বিষয় | পৃষ্ঠা নম্বর |
|---|---|
| ১) সূচীপত্র | ২ |
| ২) আমাদের সম্পর্কে | ৩ |
| ৩) শিক্ষা সম্পর্কিত | ৪ |
| ৪) সিলেবাস সম্পর্কিত | ৫ |
| ৫) হিফয বিভাগ | ৫ |
| ৬) আমাদের সুবিধা | ৬ |
| ৭) নিয়মাবলী | ৭ |
| ৮) ইউনিফর্ম | ৮ |
| ৯) দৈনিক সময়সূচী | ৯ |
| ১০) হামদান মিশনে যাওয়ার পথ নির্দেশনা | ১০ |
| ১১) উপদেষ্ঠা মণ্ডলী | ১১ |
| ১২) ভর্তির পদ্ধতি | ১৩ |
| ১৩) ভর্তি সম্পর্কে তথ্য | ১৩ |
| ১৪) ফি পরিকাঠামো | ১৪ |
| ১৫) ভর্তি পরীক্ষার কিছু নির্দেশনাবলী | ১৪ |
| ১৬) প্রবেশিকা পরীক্ষার সিলেবাস (পঞ্চম থেকে নবম শ্রেণী) | ১৫ |
| ১৭) নমুনা প্রশ্ন (পঞ্চম থেকে নবম শ্রেণী) | ২০ |
| ১৮) প্রবেশিকা পরীক্ষা সম্পর্কিত (একাদশ শ্রেণী) | ৪৪ |
| ১৯) একাদশ শ্রেণীর জন্য নমুনা প্রশ্ন | ৪৪ |
| ২০) প্রবেশিকা পরীক্ষার কেন্দ্রের তালিকা | ৪৭ |
| ২১) প্রবেশিকা পরীক্ষার ফর্ম | ৪৮ |

# আমাদের সম্পর্কে

## ঃঃ লক্ষ্য ঃঃ

আমাদের লক্ষ্য হল আমাদের শিক্ষার্থীদের এমনভাবে গড়ে তোলা যাতে তারা ইহকালও পরকালে সফল হতে পারে ইন শা আল্লাহ। একই সঙ্গে আমরা সামাজিক উন্নতি ও উন্নয়নের কারণ হতে চাই।

## ঃঃ দৃষ্টিভঙ্গি ঃঃ

হামদান মিশনের দৃষ্টিভঙ্গি হল একটি ইসলামী পরিবেশসহ আধুনিক শিক্ষার ক্ষেত্রে শ্রেষ্টত্বের কেন্দ্রে পরিণত হওয়া। আর্থিক অবস্থা খারাপ হওয়ার কারণে মেধাবী শিক্ষার্থীরা নষ্ট হয়ে যাচ্ছে। আমরা সেই মেধাবীদের সমাজের সম্পদ হতে সাহায্য করতে চাই।

## ঃঃ মূল্যবোধ ঃঃ

আমাদের মূল্যবোধ আমাদের শক্তির উৎস। আমরা একটি পরিকাঠামো প্রদান করি যার মধ্যে আমরা আমাদের দৃষ্টিভঙ্গি বাস্তবায়ন করি। আমাদের মূল্যবোধ আমাদের শিক্ষাগত সংস্কৃতির বিকাশে সাহায্য করে এবং আমাদের শিক্ষার্থীদের কার্যক্ষম হতে এবং সমাজের সাথে এমনভাবে একীভূত হতে সাহায্য করে যা শিক্ষার সাথে নৈতিকতা এবং ধারাবাহিকতার সাথে পরিবর্তনকে মিশ্রিত করে।

## ঃঃ সংস্কৃতি ঃঃ

আমরা বিশ্বাস করি যে নৈতিক মূল্যবোধ এবং মানদণ্ডের উদাহরণের মাধ্যমে শেখানো হলে শিক্ষার্থীরা সর্বোত্তম শিক্ষায় শিক্ষিত হতে পারে। অন্যের ধর্মের প্রতি সহনশীলতা এবং সঠিক জ্ঞান একটি সুন্দর সমাজ গঠনের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ, কারণ সাংস্কৃতিক প্রভাব মানব প্রকৃতির একটি অপরিহার্য অংশ।

## ঃঃ পরিকাঠামো ঃঃ

আমরা আধুনিক প্রযুক্তিগত উদ্ভাবনের সাহায্যে আমাদের শিক্ষার্থীদের দক্ষতা এবং শেখার প্রক্রিয়াকে সর্বোত্তম স্তরে বাড়ানোর জন্য সম্ভাব্য সর্বোত্তম সুযোগ সুবিধা দেওয়ার চেষ্টা করি।

## ঃঃ উচ্চ লক্ষ্য ঃঃ

আমরা আমাদের ভবিষ্যত প্রজন্মকে এমন ভাবে প্রস্তুত করার চেষ্টা করি যাতে তারা আধুনিক ও উন্নত জ্ঞানে সম্পূর্ণরূপে সজ্জিত হবে যা তাদের ধর্ম, সংস্কৃতি এবং নৈতিকতার বোধে সিক্ত হবে। তারা সর্বদা সততা ও নিষ্ঠর সাথে তাদের দেশ ও জাতির সেবা করার চেষ্টা করবে এবং নিজেকে প্রমাণ করবে যে সে সর্বশক্তিমানের শ্রেষ্ঠ সৃষ্টি।

# শিক্ষা-সম্পর্কিত

## ঃঃ রাজ্য বোর্ড পাঠ্যক্রম ঃঃ

আমরা সাধারণ বিষয়গুলির জন্য পশ্চিমবঙ্গ মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের পাঠ্যক্রম অনুসরণ করি। আমরা শেখার জন্য উপযুক্ত উচ্চ-মানের শিক্ষাদান এবং মূল্যায়নসহ এটিকে বর্ধিত করেছি।

## ঃঃ শিক্ষার সংক্ষিপ্ত বিবরণ ঃঃ

- আমাদের শিক্ষা স্পষ্ট এবং সংক্ষিপ্ত নির্দেশনা এবং প্রগতিশীল লক্ষ্য প্রদান করে যা প্রতিটি পর্যায়ে শিক্ষার্থীদের শিক্ষার উন্নতিসাধন ঘটায়।
- শিক্ষার্থীরা বাংলা, গণিত, ইংরেজি, বিজ্ঞান, ইতিহাস, ভূগোল এবং সাধারণ জ্ঞানের বিষয়গুলিতে দক্ষতা এবং বোধশক্তির বিকাশ ঘটায় যাতে আমরা শেখার মূল্যায়ন করতে পারি এবং পিতামাতাকে পড়াশুনায় উন্নতির বিষয়ে আশ্বস্ত করতে পারি। এছাড়াও এটি তথ্য ও যোগাযোগ প্রযুক্তি-বিদ্যাতে দক্ষতা বিকাশ করে।

## ঃঃ শিক্ষার শ্রেষ্ঠত্ব ঃঃ

- মিশন সফল শিক্ষার্থী গড়ে তুলবে। তারা কেবল অগ্রগতির জন্য প্রয়োজনীয় জ্ঞান এবং বোধশক্তি তৈরি করে না, বরং শেখার এবং চিন্তা করার দক্ষতাও তৈরি করে যা শিক্ষার্থীদের স্বতন্ত্র শিক্ষার্থী হতে এবং তাদের আগামীদিনের জন্য প্রস্তুত হতে সহায়তা করে।
- বাংলায় সাহিত্য অধ্যয়নের মাধ্যমে বাংলা পড়া, ব্যাখ্যা করা এবং মূল্যায়ন করার শিক্ষা অর্জন করে।
- আক্ষরিক এবং অন্তর্নিহিত অর্থ, প্রাসঙ্গিক প্রসঙ্গ এবং প্রকাশ করা যেতে পারে এমন গভীর মনোভাব সম্পর্কে বোঝার বিকাশ ঘটানো।
- তাদের অধ্যায়ন করা উপকরণগুলির জন্য একটি ব্যক্তিগত মতামত উপস্থাপন করা।
- বৃহত্তর এবং সর্বজনীন সমস্যাগুলি অন্বেষণ করা, শিক্ষার্থীদের নিজেদের এবং তাদের চারপাশের বিশ্ব সম্পর্কে তাদের আরও ভালো বোঝার সম্প্রসারণ করা।

# সিলেবাস

| সাধারণ বিষয় | ইসলামী বিষয় | আরবী ভাষা |
|---|---|---|
| বাংলা, ইংরেজি, গণিত, বিজ্ঞান, ইতিহাস, ভূগোল, কম্পিউটার, স্পোকেন ইংলিশ | তাজবীদ ও কিরাত, কুরআনের হিফজ, হাদিশ শিক্ষা, কুরআন অধ্যায়ন, সীরাত, শরীয়াহ এবং ফিকাহ | ব্যাকরণ সহ আরবি ভাষা, আরবী শব্দভাণ্ডার, আরবী সংখ্যা, আরবী লিখন, গল্প বলা এবং কবিতা, আরবী কথোপকথন |

# বিশেষ কোর্ষ

হিফজ বিভাগ ঃ

পঞ্চম থেকে অষ্টম শ্রেনীর ইচ্ছুক ছাত্ররা হিফজ বিভাগে নাম নথিভুক্ত করতে পারে। এর জন্য অতিরিক্ত কোন ফীজ প্রদান করতে হয় না।

হিফজ ক্লাসের সময় ঃ সকাল ৭:০০ টা থেকে ৯:০০ টা



# আমাদের সুবিধা

- আমাদের স্মার্ট ক্লাসরুম এবং স্মার্ট টিভি শিক্ষার্থীদেরকে ক্লাসরুমের ধারণার জন্য একটি হ্যান্ডস-অন পন্থা দেয়। এই ইন্টারঅ্যাকটিভ হোয়াইট বোর্ডগুলি শিক্ষার্থীদেরকে এমনভাবে নিযুক্ত করে যেমন তারা আজকের উচ্চ-গতির প্রযুক্তিগত বিশ্বে অভ্যস্ত।
- প্রশস্ত শ্রেণীকক্ষগুলি আধ্যাত্মিকভাবে শিক্ষার্থীদেরকে বোধশক্তির বৃদ্ধি ঘটায়।
- ছাত্র-শিক্ষক সম্পর্ক ভালো এবং সহজতর করার জন্য, ছাত্র-শিক্ষক অনুপাত উপযুক্ত। সবুজে ভরপুর স্বাস্থ্যকর ক্যাম্পাসের পরিবেশ। আরামদায়ক আবাসিক কক্ষ।
- সাধারণ বিষয় সম্পকিত এবং ইসলাম সম্পর্কিত জ্ঞান উভয়ই একই প্রাঙ্গণে অনুশীলন করা হয়।
- সুসজ্জিত কম্পিউটার ল্যাব।
- সুসজ্জিত লাইব্রেরি।
- সুসজ্জিত খেলার মাঠ।
- ইসলামী নির্দেশনা অনুযায়ী ইউনিফর্ম।
- পুষ্টিকর খাবার যেমন সকালের নাস্তা, দুপুরের খাবার, সন্ধ্যার নাস্তা, রাতের খাবার।

| **পাঠক্রম বহির্ভূত কার্যক্রম** | **শারীরিক সুস্থতা ও খেলাধূলা** |
|---|---|
| পাবলিক স্পিকিং | মার্শাল আর্ট (ক্যারাটে) |
| ব্যক্তিত্ব উন্নয়ন কর্মসূচী | টেবিল টেনিস |
| শ্রবণ দক্ষতা কর্মশালা | ভলিবল |
| ইসলামী লাইব্রেরি | বাস্কেটবল |
| অডিও ভিজুয়াল ক্লাস | ফুটবল ও ব্যাডমিন্টন |

# :: নিয়মাবলী ::

১) প্রত্যেক ছাত্রকে মিশনের নিয়ম শৃঙ্খলা কঠোর ভাবে মেনে চলতে হবে। নিয়মভঙ্গকারী ছাত্রকে মিশনে রাখা যাবে না।

২) প্রত্যেককে সময় সূচী অনুযায়ী অবশ্যই চলতে হবে এবং জামাতের সঙ্গে নামাজ পড়তে হবে।

৩) বিনা অনুমতিতে কোন ছাত্র মিশন এলাকার বাইরে যেতে পারবে না। কর্তৃপক্ষের বিনা অনুমতিতে কোন ছাত্র হোস্টেল থেকে চলে গেলে কর্তৃপক্ষ কোন ভাবে জবাবদিহি করতে বাধ্য নন এবং তার বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্তই বলে গণ্য হবে।

৪) কোন ছাত্র নিজের কাছে টাকা-পয়সা রাখতে পারবে না, তা অ্যাকাউন্ট অফিসে জমা রাখবে এবং প্রয়োজনবোধে খরচ করবে।

৫) ছুটি শেষ হওয়ার দিনে প্রতিটি ছাত্রকে অবশ্যই হোস্টেলে উপস্থিত হতে হবে। অন্যথায় দিন পিছু ১০০ টাকা ফাইন দিতে হবে।

৬) অভিভাবকদের ঠিকানা পরিবর্তন হলে সঙ্গে সঙ্গে তা মিশন অফিসে জানাতে হবে। নিজ ফোন নম্বর অথবা স্থানীয় ফোন নম্বর অবশ্যই অফিসে দিতে হবে।

৭) কেবলমাত্র রবিবার ও বিশেষ ছুটির দিন পরিচয় পত্র প্রাপ্ত অভিভাবক-অভিভাবিকা ছাড়া অন্য কোন ব্যক্তিকে ছাত্রের সঙ্গে দেখা করার অনুমতি দেওয়া যাবে না।

৮) ভর্তির পর যে কোন সময়ে কোন ছাত্র চলে গেলে প্রদত্ত ফিজ ফেরৎ যোগ্য নয়।

৯) প্রতি মাসের নির্ধারিত প্রদেয় ফিজ ওই মাসেই দশ তারিখের মধ্যে অবশ্যই আদায় দিতে হবে। কোন ছাত্রের পর পর দু'মাস হোস্টেল চার্জ বাকি পড়লে উক্ত ছাত্রকে রাখা যাবে না।

১০) পানীয় জলের অপচয় করা চলবে না। ইচ্ছাকৃত ভাবে মিশনের সম্পদের ক্ষতি সাধন করলে ক্ষতিপূরণ দিতে হবে।

১১) মিশনের বিভিন্ন অনুষ্ঠানে ছাত্রদের উপস্থিতি ও প্রয়োজনে অংশগ্রহণ বাধ্যতামূলক।

১২) প্রত্যেক ছাত্রকে ক্লাস শুরুর ৫ মিনিট আগে নির্ধারিত পোশাকে প্রার্থনায় অবশ্যই অংশগ্রহণ করতে হবে।

১৩) নিজেদের ছাড়া অন্য রুমে যাওয়ার প্রয়োজন হলে রুম টিচারের অনুমতি নিতে হবে।

১৪) কোন ছাত্র নিজ বেড ছেড়ে অন্যের বেড়ে রাত্রি যাপন করলে অপরাধী বলে গণ্য হবে।

১৫) বিদ্যালয় চলাকালীন কোন ছাত্র হোস্টেলে থাকতে পারবে না।

১৬) প্রত্যেক ছাত্রকে পরিষ্কার পরিচ্ছন্নতা অবলম্বন করতে হবে। (যেমন - চুলকাটা, নখকাটা, দাঁত মাজা ইত্যাদি)

১৭) মাসিক পরীক্ষায় প্রত্যেক ছাত্রকে অন্যান্য পরীক্ষার মতো সমান গুরুত্ব দিয়ে অংশ গ্রহণ করতে হবে।

১৮) বার্ষিক পরীক্ষায় কোন ছাত্র অকৃতকার্য হলে তাকে মিশনে রাখা যাবে না।

১৯) প্রতিদিনের নির্ধারিত খাদ্য তালিকা অনুযায়ী প্রত্যেক ছাত্রকে খাবার খেতে হবে এবং খাবার ঘরের শৃঙ্খলা বজায় রাখতে হবে।

২০) মোবাইল ফোন, আইপড এবং রেডিও ছাত্রদের কাছে রাখা শাস্তিযোগ্য অপরাধ। নিয়ম শৃঙ্খলা ভঙ্গ এবং মোবাইল ফোন, আইপড রাখার কারণে শিক্ষাবর্ষের যে কোন সময়ে T.C. দিয়ে দেওয়া হবে।

---

## ঃঃ ইউনিফর্ম ঃঃ

| | |
|---|---|
| **বিদ্যালয়ের জন্য** | নেভীব্লু প্যান্ট ও আকাশি শার্ট, কালো লেদার সু ও কালো নেভী ব্লু মোজা।<br>**শীতে নেভী ব্লু সোয়েটার**। |
| **সাধারণ সময়ের জন্য** | পায়জামা, জামা, গেঞ্জী ইত্যাদি |
| **নামাজের জন্য** | সাদা পায়জামা, সাদা পাঞ্জাবী ও সাদা গোল টুপি |
| **খেলাধূলা ও শরীর চর্চার জন্য** | সাদা ট্র্যাক স্যুট, সাদা গেঞ্জী, সাদা কেডস মোজা |

# ঃঃ দৈনিক সময়সূচী ঃঃ

| | | |
|---|---|---|
| ভোর | ০৫:০০ | ঘুম থেকে ওঠা |
| ভোর | ০৫:৩০ | ফজর এর নামায |
| সকাল | ০৫:৪৫ - ০৬:৩০ | কুর'আন ক্লাস |
| সকাল | ০৬:৩০ - ০৭:০০ | শরীর চর্চা |
| সকাল | ০৭:০০ - ০৭:৩০ | সকালের খাবার (চা-বিস্কুট) |
| সকাল | ০৭:৩০ - ০৯:০০ | সেলফ স্টাডি/পাঠ প্রস্তুতি |
| সকাল | ০৯:০০ - ০৯:৪৫ | গোসল ও সকালের নাস্তা |
| সকাল | ০৯:৪৫ | বিদ্যালয়ের প্রার্থনা |
| সকাল | ১০:০০ - ১২:৪০ | বিদ্যালয়ের প্রথমার্ধের ক্লাস |
| দুপুর | ১২:৪০ - ০২:০০ | জোহরের নামাজ ও দুপুরের খাবার |
| বিকাল | ০২:০০ - ০৪:০০ | বিদ্যালয়ের দ্বিতীয়ার্ধের ক্লাস |
| বিকাল | ০৪:১৫ | আসরের নামায |
| বিকাল | ০৪:৩০ - ০৫:৩০ | খেলার সময় |
| সন্ধ্যা | ০৫:৪৫ | মাগরিবের নামায |
| সন্ধ্যা | ০৬:০০ - ০৬:৩০ | সন্ধ্যার নাস্তা |
| রাত্রি | ০৬:৩০ - ০৯:০০ | শিক্ষকের তত্ত্বাবধানে পাঠ প্রস্তুতি |
| রাত্রি | ০৯:১৫ | ঈশার নামায |
| রাত্রি | ০৯:৩০ - ১০:৩০ | রাত্রির খাবার |
| রাত্রি | ১০:৩০ - ১১:০০ | সেলফ স্টাডি / পাঠ প্রস্তুতি |
| রাত্রি | ১১:০০ | ঘুমানোর সময়/রুমের আলো বন্ধ |

**বিঃদ্রঃ- ঋতু পরিবর্তনের সঙ্গে সময়সূচীর পরিবর্তন হবে।**

# হামদান মিশনে যাওয়ার পথ নির্দেশনা

**১) ট্রেন ঃ** হাওড়া / মেচেদা / পাঁশকুড়া / মেদিনীপুর / খড়গপুর থেকে উলুবেড়িয়া স্টেশন। ৫৮ গেটের দিকে যেকোন অটো বাস নিয়ে মনসাতলা (বাগাণ্ডা) নামুন। হামদান মিশন বাস স্টপ থেকে ৩ মিনিটের হাঁটা পথ।

**২) বাস ঃ** কমলপুর-বারাসাত ভায়া উলুবেড়িয়া : মনসাতলা (বাগাণ্ডা) বাস স্টপে নেমে যান। হামদান মিশন বাস স্টপ থেকে ৩ মিনিটের হাঁটা পথ।

**৩) বাস ঃ** বসিরহাট - গাদিয়াড়া ভায়া হাওড়া। মনসাতলা (বাগাণ্ডা) বাস স্টপ নেমে যান। হামদান মিশন বাস স্টপ থেকে ৩ মিনিটের হাঁটাপথ।

**৪) বাস ঃ** ধর্মতলা, গাদিয়াড়া CSTC বাস ভায়া উলুবেড়িয়া মনসাতলা বাগাণ্ডা বাস স্টপে নেমে পড়ুন। হামদান মিশন বাস স্টপ থেকে ৩ মিনিটের হাঁটাপথ।

**৫) বাস ঃ** নিউ টাউন - মাতাপাড়া বা নিউটাউন গাদিয়াড়া। মনসাতলা বাগাণ্ডা বাস স্টপে নেমে পড়ুন। হামদান মিশন বাস স্টপ থেকে ৩ মিনিটের হাঁটাপথ।

**৬) ফেরি সার্ভিস ঃ** নূরপুর বা গেঁওখালি থেকে ফেরি সার্ভিস ধরে গাদিয়াড়া এসে ৫৮ গেট উলুবেড়িয়া গামী যেকোন বাস ধরে বাগাণ্ডা মনসাতলা বাস স্টপে নেমে পড়ুন। হামদান মিশন বাস স্টপ থেকে ৩ মিনিটের হাঁটাপথ।

**৭) ফেরি সার্ভিস ঃ** বুড়ুল ফেরি সার্ভিস ধরে ৫৮ গেট এসে যেকোন অটো বা টোটো ধরে সরাসরি মিশনে আসতে পারবেন বাগাণ্ডা মনসাতলা বাস স্টপে নেমে পড়ুন। হামদান মিশন বাস স্টপ থেকে ৩ মিনিটের হাঁটাপথ।

# উপদেষ্টামণ্ডলী ঃ

**ডাঃ সেখ হাম্মাদুর রহমান**
এম.ডি. (মেড, বিএইচইউ) স্বর্ণপদক বিজয়ী
ডি.এম. (এন্ডোক্রিনোলজি, এইমস নিউ দিল্লি)
কনসালট্যান্ট, মেডিকো সুপারস্পেশালিটি হাসপাতাল, কলকাতা

**জুলফিকার আলী মোল্লা**
এম.এ. (ট্রিপল) বিএড।
সহকারী শিক্ষক, গণেশপুর উচ্চ বিদ্যালয় (উচ্চমাধ্যমিক), গণেশপুর, শ্যামপুর, হাওড়া

**ড. আয়াতুল্লা ফারুক মোল্লা**
সহকারী অধ্যাপক, আলিয়া বিশ্ববিদ্যালয়

**সেখ মহঃ ফারুক**
এম.এ. (ইংরেজি ও এডুকেশন)
সহকারী শিক্ষক, গোপালগঞ্জ প্রিয়নাথ বানিভবন, মেচেদা, পূর্ব মেদিনীপুর

**ডাঃ মহঃ মফিজুল মণ্ডল**
MBBS, MS (Obs & Gyn),
কনসালট্যান্ট প্রসূতি বিশেষজ্ঞ এবং স্ত্রীরোগ বিশেষজ্ঞ
বিশেষজ্ঞ মেডিকেল অফিসার - কালনা সুপার স্পেশালিটি মহকুমা হাসপাতাল, পূর্ব বর্ধমান

**সেখ মোবারক হোসেন**
সহকারী শিক্ষক, বনপুরা আই. এন.ইউ. সিনিয়র মাদ্রাসা, পশ্চিম মেদিনীপুর

**সেখ মইদুল ইসলাম**
এম.এ.(বাংলা), বি.এড.
সহকারী শিক্ষক, রণমহল কোরানিয়া হাই মাদ্রাসা (এইচ.এস.)

**আরিফুল ইসলাম**
শিক্ষক, কাঞ্চনতলা জে.ডি.জে. ইনস্টিটিউশন, ধূলিয়ান, মুর্শিদাবাদ

**সাবির আলি মোল্লা**

B.TECH (আইটি), প্রাক্তন বিভাগীয় প্রকৌশল (IT&C), WBSEDCL সিরিয়াল এন্ট্রাপ্রেনার

**মহঃ আমিনুল ইসলাম**

BE, প্রফেশনাল ইঞ্জিনিয়ার, উইপ্রো লিমিটেড, উদ্যোক্তা "আপনজন হাউজিং"

**আকরাম হক**

সচিব - এনবিসিসিআই এবং সম্পাদক পলিসি টাইমস

**সৈয়দ আতিয়ার রহমান**

MCA;
সফটওয়্যার ইঞ্জিনীয়ার, ক্যাপজেমিনি, কলকাতা

**সৈয়দ মতিয়ার রহমান**

B.TECH. (CSE)
সার্কেল ইনচার্জ (WB), প্রতাপ টেকনোক্র্যাটিস প্রাইভেট লিমিটেড, কলকাতা

**সেখ মহঃ সইফ**

B.TECH. (CSE)
MBA (Marketing) স্টক মার্কেটে সক্রিয় ব্যবসায়ী এবং বিনিয়োগকারী। গ্রামীণ এলাকায় শিক্ষার প্রচারের জন্য CASI-GLOBAL NEWYORK -এ এডুকেটর

**সেখ মহঃ এহসান**

B.TECH. (CSE) এন্ট্রাপ্রেনার

# ভর্তির পদ্ধতি

১) পরীক্ষা সংশ্লিষ্ট শ্রেণীর সিলেবাস অনুযায়ী অনুষ্ঠিত হবে।

২) শিক্ষার্থীরা যোগ্যতা নির্ণায়ক নম্বর পেলে মৌখিক পরীক্ষা ও অভিভাবকদের সাক্ষাৎকারের জন্য ডাকা হবে।

৩) ভর্তি পরীক্ষায় ও মৌখিক পরীক্ষায় প্রাপ্ত নম্বর এবং অভিভাবক সাক্ষাৎকারের ভিত্তিতে ভর্তির জন্য শিক্ষার্থী নির্বাচন করা হবে।

৪) মেধাবী গরীব এবং এতিম ছাত্ররা ফুল ফ্রি, হাফ ফ্রি বা কোয়াটার ফ্রিশিপ পাবে বিবেচনা অনুযায়ী।

**শিক্ষাবর্ষ ২০২৬ এ পঞ্চম থেকে নবম শ্রেণীতে ভর্তির জন্য ফর্ম পূরণ চলছে।**

**অনলাইন এবং অফলাইন উভয়ভাবেই আবেদনপত্র ভরা যাবে।**

---

# ভর্তি সম্পর্কে তথ্য

| | |
|---|---|
| আবেদনপত্র জমা করার শেষ তারিখ ঃ | **১৬ই অক্টোবর ২০২৫** |
| ভর্তি পরীক্ষার তারিখ ঃ | **১৯শে অক্টোবর ২০২৫** |
| মৌখিক পরীক্ষা ও অভিভাবকের সাক্ষাৎকার গ্রহণের তারিখ ঃ | **১লা ও ২রা নভেম্বর ২০২৫** |
| ক্লাস শুরুর সম্ভাব্য তারিখ ঃ | **৮ই জানুয়ারী ২০২৬** |

***বিঃদ্রঃ***

অ্যাডমিট কার্ড ওয়েবসাইট (www.hamdanmission.org) থেকে ডাইনলোড করা যাবে।

# ফি পরিকাঠামো

| শ্রেণী | ভর্তি ফি | মাসিক ফি |
|---|---|---|
| পঞ্চম-ষষ্ঠ | ১৫,০০০/- | ৪০০০/- |
| সপ্তম-অষ্টম | ১৮,০০০/- | ৪৫০০/- |
| নবম-দশম | ২০,০০০/- | ৫০০০/- |
| একাদশ-দ্বাদশ | ২৫,০০০/- | ৬০০০/- |

**(স্কলারশিপ / ছাড় দেওয়া হবে পারিবারিক আয় ও ভর্তি পরীক্ষায় রেজাল্টের উপর ভিত্তি করে)**

---

# ভর্তি পরীক্ষার কিছু নির্দেশাবলী

১) পঞ্চম থেকে নবম শ্রেণীতে ভর্তির জন্য ফর্ম পূরণ চলছে।

২) আবেদনপত্রের মূল্য - ১৫০/- টাকা মাত্র।

৩) পরীক্ষার তারিখ ঃ ১৯শে অক্টোবর ২০২৫ রবিবার (সময় ঃ দুপুর ১২টা)

৪) পরীক্ষার সময়সীমা ঃ ১ঘন্টা ৩০ মিনিট।

৫) অনলাইন / অফলাইনে আবেদনের শেষ তারিখ ঃ ১৬ই অক্টোবর ২০২৫ বৃহস্পতিবার।

৬) ফল প্রকাশিত হবে ঃ ২৬শে অক্টোবর ২০২৫ রবিরার (সময় ঃ দুপুর ১২ টা)

৭) ফলাফল প্রকাশ করা হবে www.hamdanmission.org ওয়েবসাইটে। ফোন করে জানা যাবে।

৮) মৌখিক পরীক্ষা ও অভিভাবক সাক্ষাৎকারের তারিখ ঃ ১লা ও ২রা নভেম্বর ২০২৫।

৯) পরীক্ষা হবে পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষদের সিলেবাস অনুসারে। প্রবেশিকা তথ্য পুস্তিকাতে বিস্তারিত সিলেবাস উল্লেখ করা হয়েছে। ওয়েবসাইট থেকেও সিলাবাস ডাউনলোড করা যাবে।

## ভর্তি পরীক্ষার জন্য বিষয়ভিত্তিক নম্বর বিভাজন নিম্নরূপ (V to IX)

| | |
|---|---|
| ইংরেজি | ১০ |
| গণিত | ২০ |
| বিজ্ঞান | ২০ |
| মোট | ৫০ |

**যে শ্রেণিতে ভর্তি হতে ইচ্ছুক তার পূর্বের শ্রেণির পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষদের সিলেবাস অনুসারে অবজেকটিভ টাইপ ও সংক্ষিপ্ত প্রশ্নে পরীক্ষা হবে।**

# ঃঃ প্রবেশিকা পরীক্ষার সিলেবাস ঃঃ

## Class - V

**English :**

1. Reading comprehension : unseen
2. Grammar : proper noun, gender, common gender, pronoun, numbers, adjectives, regular and irregular verbs, continuous forms of verbs, advers.

**গণিত ঃ**

আগের পড়া মনে করি, মাঠে লোক গুনি, পরিযায়ী পাখির সংখ্যা জানি, লোকাল ট্রেনে যাই, বইমেলায় বই খুঁজি, রঙিন কার্ড নিয়ে খেলি, বিশ্ব পরিবেশ দিবস পালন করি, দাদুর সাথে বাজার যাই, ব্যাঙের লাফ দেখি, ম্যাজিক দেখি, মুনিয়া কত ছোটো দেখি, দাদুর বাড়ি যাই, স্কুলে টিফিন খাই, নাড়ু ভাগ করে যাই, কতটা রং করলাম দেখি, কে বেশি পেল দেখি, পেনসিল নিয়ে খেলি, কোনটা বেশি ভারী দেখি, বাটিতে দুধ ঢালি, নিজের খুশি মতো রং করি।

**পরিবেশ ঃ**

- পরিবেশের উপাদান; জীবজগৎ
- পরিবেশের উপাদান; জড় বস্তুর জগৎ
- শরীর
- আবহাওয়া ও বাসস্থান
- আমাদের আকাশ
- প্রকৃতি সম্পর্কে মানুষের অভিজ্ঞতা
- জীবিকা ও সম্পদ

# ঃঃ প্রবেশিকা পরীক্ষার সিলেবাস ঃঃ

## Class - VI

**English :**

1. Reading comprehension : unseen
2. Grammar : proper noun, gender, common gender, pronoun, numbers, adjectives, regular and irregular verbs, continuous forms of verbs, advers.

**গণিত ঃ**

আগের পড়া মনে করি, সহজে গ্রামের জনসংখ্যা গুনি, কার্ড দিয়ে সহজে হিসাব করি, সবথেকে বেশি কত জনের মধ্যে সমান ভাগ করতে পারি, মিষ্টিমুখ হোক, সহজে বড় সংখ্যার হিসাব করি, একটা গোটা (অখণ্ড) জিনিসকে সমান ভাগে ভাগ করে নিই, চৌবাচ্চায় কত জল আছে দেখি, আজ স্কুলবাড়ির জানালায় সবুজ রং দিই, দেশলাই পাখির খেলা খেলি, ধাপে ধাপে হিসাব করি, ইচ্ছামত বিভিন্ন অংশ রং দিই, কাকার সাথে হিসাব করি, এমন কিছু আঁকি যা খুব কম জায়গা নেবে, সময়ের সঙ্গে ঘড়ির দুটো কাঁটার অবস্থান দেখি।

**পরিবেশ ঃ**

- মানবদেহ
- ভৌত পরিবেশ (মাটি, জল, জীববৈচিত্র)
- পশ্চিমবঙ্গের সাধারণ পরিচিতি
- পরিবেশ ও সম্পদ
- পরিবেশ ও উৎপাদন
- পরিবেশ ও বনভূমি
- পরিবেশ, খনিজ ও শক্তি সম্পদ

# ঃঃ প্রবেশিকা পরীক্ষার সিলেবাস ঃঃ

## Class - VII

**English :**

1. Reading comprehension : unseen
2. Grammar : abstract noun, coollective noun, auxiliary verb, articles, adverbs, prefix-suffix.

**গণিত ঃ**

পূর্ব পাঠের পুনরালোচনা, সাত ও আট অঙ্কের সংখ্যার ধারণা, সংখ্যা বিষয়ে যুক্তি সম্মত অনুমান, একশত পর্যন্ত রোমান সংখ্যা, বীজ গাণিতিক চল রাশির ধারণা, ভগ্নাংশকে পূর্ণ সংখ্যা ও ভগ্নাংশকে ভগ্নাংশ দিয়ে গুণ ও ভাগ, দশমিক ভগ্নাংশকে পূর্ণ সংখ্যা ও দশমিক ভগ্নাংশ দিয়ে গুণ ও ভাগ, মেট্রিক পদ্ধতি, শতকরা, আবৃত দশমিক সংখ্যা, সুষম ঘনবস্তু গণিত বিষয়ক জ্যামিতিক ধারণা, তিনটি সংখ্যার গ.সা.গু. ও ল.সা.গু. তথ্য সাজানো ও বিচার, রেখা, রেখাংশ, রশ্মি ও বিন্দু বিষয়ক বিস্তৃত ধারণা, ক্ষেত্রফল ও পরিসীমা নির্ণয়, নিয়ন্ত্রিত সংখ্যা ও সংখ্যা রেখা সম্পর্কিত ধারণা, জ্যামিতি বক্সের নানা উপকরণ সহযোগী বিভিন্ন জ্যামিতিক ধারণা, বর্গমূল।

**পরিবেশ ঃ**

- পরিবেশ ও জীবজগতের পারস্পরিক নির্ভরতা
- আমাদের চারপাশের ঘটনা সমূহ
- মৌলিক, যৌগিক ও মিশ্র পদার্থ
- শিলা ও খনিজ পদার্থ মাপজোক বা পরিমাপ
  বল ও শক্তি প্রাথমিক ধারণা
- তরল ও গ্যাসীয় পদার্থের স্থিতি ও গতি, মানুষের শরীর

# ঃঃ প্রবেশিকা পরীক্ষার সিলেবাস ঃঃ

## Class - VIII

**English :**

1. Reading comprehension : unseen
2. Grammar : apostrophe, possessive adjective, possessive pronoun, degree, participle, adjective, verb, nominal compound.

**গণিত ঃ**

পূর্ব পাঠের পুনরালোচনা, অনুপাত, সমানুপাত, পূর্ণ সংখ্যার যোগ, বিয়োগ, গুণ ও ভাগ, সূচকের ধারণা, বীজগাণিতিক প্রক্রিয়া, কম্পাসের সাহায্যে নির্দিষ্ট কোন অঙ্কন, ত্রিভূজ অঙ্কন, সর্বসমতার ধারণা, আসন্ন মান, ভগ্নাংশের বর্গমূল, বীজগাণিতিক সূত্রাবলী, সমান্তরাল সরলরেখা ও ছেদকের ধারণা, ত্রিভুজের ধর্ম, সময় ও দূরত্ব, দ্বি-স্তম্ভ লেখ, আয়তক্ষেত্র ও বর্গক্ষেত্রের ক্ষেত্রফল, প্রতিসাম্য।

**পরিবেশ ঃ**

- ভৌত পরিবেশ (তাপ, আলো, চুম্বক, তড়িৎ, পরিবেশবান্ধব শক্তি)
- সময় ও গতি
- পরমাণু, অনু ও রাসায়নিক বিক্রিয়া
- মানুষের খাদ্য

# ঃঃ প্রবেশিকা পরীক্ষার সিলেবাস ঃঃ

## Class - IX

**English :**

1. Reading comprehension : unseen
2. Grammar : modals, degree, tense, infinitive, prefix-suffix, phrase, clause, narration

**গণিত ঃ**

পূর্ব পাঠের পুনরালোচনা, পাইচিত্র, মূলদ সংখ্যার ধারণা, বীজগাণিতিক সংখ্যার গুণ ও ভাগ, ঘনফল নির্ণয়, পূরক কোণ, সম্পূরক কোণ ও সন্নিহিত কোণ, বিপ্রতীপ কোণের ধারণা, সমান্তরাল সরলরেখা ও ছেদকের ধর্ম, ত্রিভুজের দুটি বাহু ও তাদের বিপরীত কোণের সম্পর্ক, ত্রৈরাশিক, শতকরা, মিশ্রণ, বীজগাণিতিক সংখ্যামালার উৎপাদকে বিশ্লেষণ, বীজগাণিতিক সংখ্যামালার গ.সা.গু. ও ল.সা.গু. বীজগাণিতিক সংখ্যামালার সরলীকরণ, ত্রিভুজের কোণ ও বাহুর মধ্যে সম্পর্কের যাচাই, সময় ও কার্য।

**বিজ্ঞান ঃ**

- ভৌত পরিবেশ (বল ও চাপ, স্পর্শ ছাড়া ক্রিয়াশীল বল, তাপ)
- মৌল যৌগ ও রাসায়নিক বিক্রিয়া (পদার্থের প্রকৃতি, পদার্থের গঠন, রাসায়নিক বিক্রিয়া, তড়িতের রাসায়নিক প্রভাব)
- দেহের গঠন
- প্রাকৃতিক ঘটনা ও তার বিশ্লেষণ
- মানুষের খাদ্য ও খাদ্য উৎপাদন

# ঃঃ পঞ্চম শ্রেণীর জন্য নমুনা প্রশ্ন ঃঃ

## English

Q.1 Read the passage carefully and answer the following questions: -

After breakfast, the children played in the courtyard. Time passed quickly. It was soon twelve in the afternoon. Grandma was cooking lunch. Gouri told her that Gogol did not like Bengali food. Grandma smiled. She took all of them into the kitchen.

Gogol could see now the actual process of Bengali cooking. He felt a new interest in Bengali food. He ate a hearty lunch of rice and rohu fish curry. Then there were rosogollas and sweet curd.

**Q.1. Chose the correct answer of following questions:**

**5 × 1 = 5**

i) What did the children do after breakfast ?

a) Swim in the pool
b) Eating lunch
c) Played in the courtyard
d) Cooking in the Kitchen.

ii) Who was cooking lunch ?

a) Gogol
b) Grandma
c) Gouri
d) Rohit.

iii) Who did not like bengali food ?

a) Gouri
b) Grandma
c) Children
d) Gogol.

iv) What was the time of their lunch ?

a) Eleven
b) Ten
c) Twelve
d) Nine.

v) What curry did gogol eat in his lunch ?

a) Katla curry
b) Rohu curry
c) Mutton curry
d) Egg curry.

**Q.2. Chose the correct preposition: --** 1 × 1 = 1

They are going _________________ School.

**Q.3. Find out the pronouns from the following sentence: -** 2 × 1 = 2

i) Close your books ___________ .

a) Close
b) books
c) your
d) None of the above.

ii) They are playing in the ground _________ .

a) They
b) playing
c) ground
d) are

**Q.4. Chose the appropriate article: -** 2 × 1 = 2

i) I have __________________ umbrella.

a) the
b) an
c) a
d) none

ii) They are going to ___________________ Himalayas.

a) a
b) an
c) the
d) none

# গণিত

**Q.1 নিচের প্রশ্নেগুলির উত্তর দাও -** **5 × 1 = 5**

১) মৌলিক ও যৌগিক কোনোটি নয় এমন সংখ্যাটি হল -
ক) ২
খ) ৫
গ) ১
ঘ) ৪

২) একটি আয়তাকার টেবিলের দৈর্ঘ্য হয় প্রস্থের থেকে
ক) বেশি
খ) কম
গ) সমান
ঘ) কোনটি নয়।

৩) সময় পরিমাপের একক হল -
ক) মিটার
খ) লিটার
গ) মিনিট
ঘ) ডিগ্রি।

৪) সব থেকে ছোট জোড় সংখ্যা হল -
ক) ৮
খ) ২
গ) ৪
ঘ) ৬

৫) চার অংকের বৃহত্তম সংখ্যাটি হল -
ক) ১০০০
খ) ৫৫৫৫
গ) ৯৯৯৯
ঘ) ১২৩৪

**Q.2 নিচের অংকগুলি কষে দেখাও -** **5 × 1 = 5**

১) ৭১৪ দিন = কত সপ্তাহ ?
২) ৫ কিলোমিটার ২ মিটার = কত মিটার ?
৩) এক অংকে ভাজক ১০ ভাগফল ৪ এবং ভাগশেষ ১২ হলে, ভাজ্য কত নির্ণয় কর।
৪) ৬০০ মাস = কত বছর কত মাস ?
৫) নিচের কোন সংখ্যা দিয়ে ২৪৫ সংখ্যাটি বিভাজ্য ?
ক) ২, খ) ৩, গ) ৪, ঘ) ৫

**Q.3 নিচের অংকগুলি কষে দেখাও -** **5 × 2 = 10**

১) তোমার বাবা ৭৯০ টাকা দামের ৫টি শাড়ি ও ৪৩৫ টাকা দামের ৩টি জামা কিনবেন। তার কাছে যদি ৪৫৬০ টাকা থাকে তাহলে তার আর কত টাকা লাগবে নির্ণয় করো ।

২) একটি বর্গাকার মাঠের পরিসীমা ৪৮ মিটার। মাঠটির ক্ষেত্রফল নির্ণয় কর।

৩) যোগ করোঃ-

| হা | শ | দ | এ |
| --- | --- | --- | --- |
| ২ | ৯ | ০ | ১ |
| | + ১ | ৯ | ০ |
| | | + ৫ | ৮ |
| | | | + ৭ |

৪) ৭ দিন = কত ঘন্টা ?

৫) সরল করঃ- ৯ × ১০ ÷ ৫ × ২ - ২৩

# পরিবেশ বিজ্ঞান

**Q.1 প্রতিটা প্রশ্নের সঠিক উত্তরটি বেছে নাও** **8 × 1 = 8**

i) কোনটি জড় বস্তু ?
(ক) গাছ
(খ) মাছ
(গ) চেয়ার
(ঘ) ব্যাঙ।

ii) কোনটি উদ্ভিদ ?
(ক) শ্যাওলা
(খ) মাছ
(গ) ফড়িং
(ঘ) হাতি।

iii) কোনটি জিওল মাছ ?
(ক) রুইমাছ
(খ) কাতলা মাছ
(গ) কই মাছ
(ঘ) পুঁটি মাছ।

iv) কোন গাছে কাঁটা থাকে ?

(ক) জবা

(খ) গোলাপ

(গ) পেয়ারা

(ঘ) কলা।

v) কোন প্রানীটির শিরদাঁড়া নেই ?

(ক) কুনোব্যাঙ

(খ) টিকটিকি

(গ) আরশোলা

(ঘ) রুইমাছ।

vi) কোন প্রানীটির পৃথিবী থেকে হারিয়ে গেছে ?

(ক) ছাগল

(খ) বাঘ

(গ) গণ্ডার

(ঘ) ডোডো।

vii) দাঁতের বেশিরভাগ অংশই মাড়ির –

(ক) বাইরে থাকে

(খ) ভেতরে থাকে

(গ) মাঝখানে থাকে

(ঘ) কোনোটি নয়।

viii) ইনস্যাট একটি –

(ক) গ্রহ

(খ) কৃত্রিম

(গ) নক্ষত্র

(ঘ) উল্কা।

**Q. 2 এক কথায় উত্তর দাও** **8 × 1 = 8**

i) যে সব প্রানীরা পাতা ও ঘাস খেয়ে বাঁচে তাদের কী বলে ?

ii) বরফ সাধারণ অবস্থায় কী জাতীয় পদার্থ ?

iii) গাছের খাদ্য তৈরীতে কোন গ্যাস লাগে ?

iv) বাতাসে কোন গ্যাস সব থেকে বেশী পরিমানে থাকে ?

v) রেড পান্ডা কোন জায়গায় দেখা যায় ?

vi) রবীন্দ্র সেতু বা হাওড়া ব্রীজ কোন নদীর উপর অবস্থিত ?

vii) পৃথিবীর উপগ্রহের নাম কী ?

viii) মানুষ প্রথম কোন পশুকে পোষ মানিয়েছিল ?

**Q. 3 নিচের প্রশ্নগুলির উত্তর দাও** **2 × 2 = 4**

i) ভেষজ উদ্ভিদ বলতে কী বোঝো? একটি উদাহরণ দাও।

ii) জীব ও জড়ের দুটি পার্থক্য লেখ।

# :: ষষ্ঠ শ্রেণীর জন্য নমুনা প্রশ্ন ::

## English

Q.1 Read the passage carefully and answer the following questions: -

Games are a vital part of life. They help in keeping the machine of life in good order. They keep us healthy. They give entertainment to our weary minds. They remove the monotony of life. Games give us not only physical exercise, but mental training also. They train both our body and mind. Physically, we become healthy; mentally we become disciplined. We become healthy both in our body and mind. A player has to follow the rules of the game. In the playground, he acts like a disciplined soldier. The sense of discipline becomes a part of his character. Games develop sportsmanship. It means that a player has no bitterness in his heart. He plays the game only for the joy of it. He does not gloat over his victory; nor does he feel sorrow over his defeat. He fights with the spirit of healthy competition. An opponent is not an enemy to him. However, excess of anything is bad. A student should not make games the chief interest of his life. His studies should not suffer due to his interest in games. He should play the game to keep good health and thereby to work harder at his books.

**A. Answer the following questions briefly:** **3 × 1 = 3**

i) Games are a necessary part of life. How?

ii) How do games benefit us both physically and mentally?

iii) What does sportsmanship mean?

**2 × 1 = 2**

**B. Choose the correct answers:**

i) Games remove the __________ of life.

(A) dullness

(B) zeal

(C) colour

(D) difficulties.

ii) Games help us in becoming __________ mentally.

(A)discipline

(B) health

(C) disciplined

(D) healthy.

C. **Fill in the blanks with WH words -** **1 × 1 = 1**

i) __________ will you go in the summer vacation? We shall go to Darjeeling in the summer vacation.

D. **Separate the subject & predicate in the following sentence -** **1 × 1 = 1**

i) The moon revolves round the earth.

E. **Write the opposite gender for the following words-** **1/2 × 2 = 1**

i) King- ii) Drone –

F. **Fill in the blanks with suitable prepositions -** **1/2 × 2 = 1**

i) The cat is sleeping _____ the table. ii) Mr. Brown lives ______ England.

G. **Fill in the blanks with appropriate articles -** **1/2 × 2 = 1**

i) _______ Taj Mahal is one of _______ greatest wonders.

## গণিত

**Q.1. প্রতিটি প্রশ্নের সঠিক উত্তরটি বেছে নাও :-** **5 × 1 = 5**

১) নীচের যে দুটি সংখ্যার সাধারণ উৎপাদক ৩ তা হল -

i) ২১ ও ১০
ii) ১৭ ও ১৪
iii) ১৮ ও ১৪
iv) ১২ ও ১৫

২) ২০৬২৩ সংখ্যাটির স্থানীয় মান কত -

i) ৬০০০
ii) ৬০
iii) ৬০৩
iv) ৬০০

৩) কোন ভাগ অঙ্কে ভাজক ৫, ভাগশেষ ২ এবং ভাজ্য ৭৭ হলে, ভাগফল হবে -

i) ১৩
ii) ১৪
iii) ১৫
iv) ১৬

৪) কোন দুটি সংখ্যা পরস্পর মৌলিক নয় -

i) ১৫, ১৬
ii) ১৮, ১৭
iii) ২০, ২১
iv) ১১, ১৪

৫) ২,৩,৯,৬,৪ দ্বারা গঠিত পাঁচ অঙ্কের ক্ষুদ্রতম সংখ্যাটি হল -

i) ৩৯৬৪২
ii) ২৯৩৬৪
iii) ২৩৯৬৪
iv) ২৩৪৬৯

**Q . 2 নীচের অংকগুলি কষে দেখাও :-** **5 × 1 = 5**

i) ১০ থেকে ২০ মধ্যবর্তী মৌলিক সংখ্যাগুলির লেখ।
ii) ল,সা,গু নির্ণয় কর ১২ ও ২১-এর।
iii) একটি মোটর বাইকের দাম ৩০,০২০ টাকা, দুটি বাইকের দাম কত ?
iv) ল,সা,গু কথাটির পূর্ণরূপ লেখ।
v) $\frac{২}{৬}$ ও $\frac{২}{৭}$ এর মধ্যে কোনটি বড়ো ?

**Q . 3 নীচের অংকগুলি কষে দেখাও :-** **5 × 2 = 10**

i) এক ব্যক্তির দৈনিক ব্যয় ২৫ টাকা। ওই ব্যক্তির দৈনিক আয় কত হলে, তিনি বছরে ৪৭৪৫ টাকা সঞ্চয় করেন।

ii) এক চাষি ২৫৭২ টি তরমুজ চাষ করেছেন। ১টি তরমুজের দাম ২২ টাকা হলে ওই ব্যক্তি তরমুজগুলি বিক্রি করে কত টাকা পাবেন ?

iii) যোগ করো:

```
 ৫৮৩২১৪
 ২১০০০০
+১৫৬০৭১
```

iv) একটি আয়তাকার বাগানের দৈর্ঘ্য ৫০ মিটার এবং ক্ষেত্রফল ৫০০ বর্গমিটার হলে, প্রস্থ নির্ণয় কর।

v) সরল করঃ ৩০÷৬×২-৩×২+১২÷২

# পরিবেশ বিজ্ঞান

**Q.1. সঠিক উত্তরটি বেছে নাও -** **8 × 1 = 8**

১) সারা শরীরে রক্ত ছড়িয়ে দেয় যে পাম্পের মত যন্ত্র তা হল -

i) ফুসফুস
ii) শিরা
iii) ধমনী
iv) হৃৎপিন্ড।

